গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয় **EIIN : 104532**
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
ফোন : ০৩১-৬২১৭৩০
www.ctgcollege.gov.bd, E-mail : ctgcollege@yahoo.com

২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

তারিখ : ২৬.০৭.২০২০ খ্রি:

চট্টগ্রাম কলেজে একাদশ বিজ্ঞান ও মানবিক শাখায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় ও চট্টগ্রাম শিক্ষা বোর্ডের প্রণীত পরিপত্র অনুসারে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক চট্টগ্রাম কলেজে একাদশ বিজ্ঞান ও মানবিক শাখার ভর্তি কার্যক্রম পরিচালিত হবে :

১। আসন সংখ্যা : (ক) বিজ্ঞান : ৬০০ (ছয়শত)
(খ) মানবিক : ৩৫০ (তিনশত পঞ্চাশ)

২। ভর্তির আবেদন করার পদ্ধতি :
২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য **Online** এর মাধ্যমে আবেদন করতে হবে।

৩। **Online** ভর্তির আবেদন গ্রহণ, ফল প্রকাশ ও ভর্তির তারিখ :

ক্রমিক	বিষয়	তারিখ
৩.১	ভর্তির অনলাইনে আবেদন গ্রহণ	০৯/০৮/২০২০ (রবিবার) থেকে ২০/০৮/২০২০ (বৃহস্পতিবার) (১৫.০৮.২০২০) জাতীয় শোক দিবসে অনলাইন ও কল সেন্টার বন্ধ থাকবে।
৩.২	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	২৫.০৮.২০২০ (মঙ্গলবার রাত ৮:০০ টায়)
৩.৩	শিক্ষার্থীদের নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ে Selection এবং আবেদন বাতিল হবে)	২৬.০৮.২০২০ (বুধবার) থেকে ৩০.০৮.২০২০ (রবিবার রাত ৮:০০ টা পর্যন্ত)
৩.৪	২য় পর্যায়ে আবেদন গ্রহণ	৩১.০৮.২০২০ (সোমবার) থেকে ০২.০৯.২০২০ (বুধবার রাত ৮:০০ টা পর্যন্ত)
৩.৫	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	০৪.০৯.২০২০ (শুক্রবার রাত ৮:০০ টায়)
৩.৬	২য় পর্যায়ে আবেদনের ফল প্রকাশ	০৪.০৯.২০২০ (শুক্রবার রাত ৮:০০ টায়)
৩.৭	২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	০৫.০৯.২০২০ (শনিবার) থেকে ০৬.০৯.২০২০ (রবিবার বিকাল ৫:০০ টা পর্যন্ত)
৩.৮	৩য় পর্যায়ের আবেদন গ্রহণ	০৭.০৯.২০২০ (সোমবার) থেকে ০৮.০৯.২০২০ (মঙ্গলবার)
৩.৯	পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	১০.০৯.২০২০ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়)
৩.১০	৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	১০.০৯.২০২০ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়)
৩.১১	৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ে Selection এবং আবেদন বাতিল হবে)	১১.০৯.২০২০ (শুক্রবার) থেকে ১২.০৯.২০২০ (শনিবার রাত ৮:০০ টা পর্যন্ত)
৩.১২	কলেজ ভিত্তিক চূড়ান্ত ফল প্রকাশ	১৩.০৯.২০২০ (রবিবার সকাল ৮:০০ টায়)
৩.১৩	ভর্তি	১৩.০৯.২০২০ (রবিবার) থেকে ১৫.০৯.২০২০ (মঙ্গলবার)

Admission website : http://www.xiclassadmission.gov.bd
আবেদনকারীগণ নিম্নবর্ণিত পেমেন্ট অপারেটরের মাধ্যমে আবেদন ফি প্রদান করতে পারবে :
Payment Operator : 1. Nagad 2. Sonali Bank 3. Teletalk 4. bKash 5. Sure Cash 6. Rocket

(ক) শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে একজন শিক্ষার্থীকে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা দিয়ে কমপক্ষে ০৫ (পাঁচ) টি কলেজে পছন্দক্রম অনুসারে আবেদন করতে হবে তবে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজে পছন্দক্রম অনুসারে আবেদন করতে পারবে।

(খ) একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

চলমান পাতা-২

৪। প্রতি শিক্ষার্থীকে তাদের ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করার সময় শিক্ষাবোর্ডে নির্ধারিত নিম্নবর্ণিত ফিসমূহ অনলাইনে জমা দিতে হবে :

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ
০১	রেজিস্ট্রেশন ফি	১৩৫.০০
০২	ক্রীড়া ফি	৩০.০০
০৩	রোভার / রেঞ্জার ফি	১৫.০০
০৪	রেড ক্রিসেন্ট ফি	৮.০০
০৫	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	৭.০০
০৬	বি.এন.সি.সি. ফি	৫.০০
সর্বমোট (দুইশত) টাকা		২০০.০০

৫। **ভর্তির জন্য আবেদনের যোগ্যতা :**

(ক) বিজ্ঞান বিভাগ :

দেশের যে কোন শিক্ষাবোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮, ২০১৯ ও ২০২০ সালে এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে জিপিএ ৫.০০ (পাঁচ) পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থী।

(খ) মানবিক বিভাগ :

দেশের যে কোন শিক্ষাবোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮,২০১৯ ও ২০২০ সালে এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় মানবিক শাখা থেকে জিপিএ ৩.৫ (তিন দশমিক পাঁচ) এবং ব্যবসায় শিক্ষা শাখা ও বিজ্ঞান শাখা থেকে ন্যূনতম জিপিএ ৪.০০ (চার) পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থী।

৬। **প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি :**

(ক) ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এস.এস.সি. বা সমমানের পরীক্ষার ফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

(খ) কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৯৫% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। মেধার ভিত্তিতে ভর্তির পরে মোট আসনের **৫% মুক্তিযোদ্ধার সন্তান / সন্তানের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে।** উপর্যুক্ত কোটার যদি প্রার্থী না পাওয়া যায় তবে এ আসন কার্যকরী থাকবে না। **মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। যে সকল শিক্ষার্থী প্রতিবন্ধী হিসেবে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল তারাই সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়ালি ভর্তির জন্য আবেদন করতে পারবে। প্রবাসীদের সন্তান/বি.কে.এস.পি. থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/খেলাধূলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালি আবেদন করতে পারবে।** এ ক্ষেত্রে বোর্ড উপর্যুক্ত প্রমাণপত্র যাচাই-বাছাই পূর্বক শিক্ষার্থীকে কাঙ্খিত প্রতিষ্ঠানে (প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ন্যূনতম জি পি এ থাকা সাপেক্ষে) ভর্তির ব্যবস্থা নিবে।

৭। **ভর্তি ফি :**

(ক) বিজ্ঞান শাখার শিক্ষার্থীদের জন্য ২৭১৩/- (দুই হাজার সাতশত তের) টাকা এবং মানবিক শাখার শিক্ষার্থীদের জন্য ২৩৬৩/- (দুই হাজার তিনশত তেষট্টি) টাকা। তবে মানবিক শাখায় যে সকল শিক্ষার্থীর ব্যবহারিক বিষয় থাকবে তাদেরকে ল্যাব উন্নয়ন ফি বাবদ অতিরিক্ত ১০০/- (একশত) টাকা এবং প্রতি বিষয়ের ব্যবহারিক (মনোবিজ্ঞান, ভূগোল ও পরিসংখ্যান) পরীক্ষার ফি বাবদ ২৫/- টাকা হারে মোট টাকার সাথে অতিরিক্ত জমা দিতে হবে।

(খ) কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে ও বিলম্বে ভর্তি হলে তার নিকট হতে উল্লিখিত ফি এর অতিরিক্ত নিম্নবর্ণিত ফি গ্রহণ করতে হবে, যথা:

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ
১.	পাঠ বিরতি ফি	১৫০/-
২.	বিলম্ব ভর্তি ফি	১০০/-

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইট **http://www.xiclassadmission.gov.bd** এবং *চট্টগ্রাম কলেজের ওয়েব সাইট* www.ctgcollege.gov.bd *থেকে জানা যাবে।*

২৮/৭/২০

২৮/০৭/২০২০

২৮/০৭/২০২০

(প্রফেসর মোহাম্মদ মুজিবুল হক চৌধুরী)

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম